যায়যায়দিন

১৫ JUL 2009
পৃষ্ঠা ... ২২ ... কলাম ... ৫ ...

### নরসিংদী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র

# সপ্তাহে তিনদিনও ক্লাস হয় না

নরসিংদী প্রতিনিধি

দক্ষ জনশক্তি গড়ে তোলার সম্ভাবনাময় একটি প্রতিষ্ঠান নরসিংদী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র। আর সেই সম্ভাবনাময় লক্ষ্য ও উদ্দেশ্য নিয়েই সরকার কোটি কোটি টাকা ব্যয় করে প্রতিষ্ঠানটি স্থাপন করেছে। নরসিংদীর শিবপুর উপজেলার শ্যাষপুরে প্রায় সোয়া দুই একর জমির উপর স্থাপিত এ প্রতিষ্ঠানটি। এতে রয়েছে বড় আকারের তিন তলাবিশিষ্ট একটি একাডেমিক ভবন। গণপূর্ত বিভাগের মাধ্যমে ২০০৬ সালে একাডেমিক ভবনটি নির্মাণ করা হয় এবং এর পেছনে সরকারের ব্যয় হয়েছিল প্রায় ১১ কোটি ৩৬ লাখ টাকা। ২০০৬ সালের ১৮ অক্টোবর তখনকার স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী আবদুল মান্নান ভূঁইয়া এ একাডেমিক ভবনটির উদ্বোধন করেছিলেন। উদ্বোধনের প্রায় তিন বছর অতিবাহিত হতে যাচ্ছে অথচ সরকার যে উদ্দেশ্য নিয়ে প্রতিষ্ঠানটি করেছিল, সেই উদ্দেশ্য ভেস্তে যেতে বসেছে। বর্তমানে এ প্রতিষ্ঠানটির কার্যক্রম পরিচালনায় ব্যাপক অনিয়ম, দায়িত্বে অবহেলা, গাফিলতি এবং শিক্ষার্থীদের মাঝে শ্রেণীকক্ষে প্রশিক্ষকদের বিষয়ভিত্তিক পাঠদানে ব্যাপক ফাঁকিঝুঁকি দেয়ার কারণে সরকারের সেই সম্ভাবনাময় উদ্দেশ্য ব্যাহত হতে যাচ্ছে। নিয়ম অনুযায়ী সপ্তাহে ছয়দিন ক্লাস হওয়ার কথা থাকলেও গড়ে তিনদিনও যথানিয়মে ক্লাস হচ্ছে না। খাতাপত্রে রুটিন মেইনটেন করে চললেও বাস্তবে সেখানকার প্রশিক্ষক এবং পদস্থ কর্মকর্তাদের দায়িত্ব ও কর্তব্যে রয়েছে চরম গাফিলতি, ফাঁকিঝুঁকি- যে কারণে সরকারের উদ্দেশ্য ব্যাহত হচ্ছে। শিক্ষার্থীরা দক্ষ জনশক্তি হিসেবে গড়ে ওঠার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে।

শিক্ষার্থীদের অভিযোগ, দীর্ঘদিন ধরে নিয়মিত তাদের ক্লাস হচ্ছে না। শিক্ষার্থীরা অধ্যক্ষের কাছে অভিযোগ করে কোনো প্রতিকার না পেয়ে শেষ পর্যন্ত জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি পেশ করেছে।

এ ব্যাপারে অধ্যক্ষ মোহাম্মদ গোলাম নবী জানান, প্রতিষ্ঠানটিতে ছয় মাসব্যাপী সাতটি ট্রেড কোর্স করানো হয়। এ সাতটি কোর্সে শিক্ষার্থীর সংখ্যা ৪৬৬। শিক্ষক ৩২ জন। এর মধ্যে অধিকাংশ শিক্ষকই ছুটিতে আছেন বলে জানান।